গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নব-নিয়োগ শাখা
www.moestab.gov.bd

## প্রজ্ঞাপন

১০ মাঘ, ১৪১৭
তারিখ ঃ----------------
২৩ জানুয়ারী, ২০১১

নম্বর ঃ ০৫.১৪৭.০১১.২৮.০১.০০১.২০১০-১৯

২৮তম বি.সি.এস. পরীক্ষা ২০০৮ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২৯/০৬/২০১০ তারিখের নং ৮০.২০০.০৬৪.০০.০০.০০১.২০১০/৩৯ পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারে সহকারী পুলিশ সুপার পদে জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুসারে টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-৫৪০×১১-২০৩৭০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্যুন ০৪ মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে সরকার এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে অথবা প্রয়োজনবোধে সরকার বুনিয়াদী প্রশিক্ষণের পূর্বে তাঁকে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ [illegible] প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ০২ বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরীতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লেখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকুরীতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসীকাল উত্তীর্ণ হওয়ার ৩ (তিন) বছরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ২৮তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারী বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরীতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

(ঠ) এ চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৯ মাঘ, ১৪১৭ বঙ্গাব্দ/০১ ফেব্রুয়ারী, ২০১১ [illegible] **তারিখ পূর্বাহ্নে** ক্যাডার নিয়ন্ত্রণকারী স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। **স্বরাষ্ট্র মন্ত্রণালয়** হতে পরবর্তী কোন নির্দেশ না পেলে উল্লিখিত তারিখেই তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। ক্যাডারের নাম ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ)
পদের নাম ঃ সহকারী পুলিশ সুপার
নিয়োগপ্রাপ্ত ঃ ০১ (এক) জন

| মেধা ক্রমিক নম্বর | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম |
|---|---|---|
| ৪৩ | ০১৮৬৩৭ | দীন মোহাম্মদ |

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৩/০১/২০১১

(মোঃ মনির হোসেন)
উপ সচিব
ফোন ঃ ৭১৬৪৬৯৬

-৩২৫-



১০ মাঘ, ১৪১৭
তারিখ ঃ----------------
২৩ জানুয়ারী, ২০১১

নম্বর ঃ ০৫.১৪৭.০১১.২৮.০১.০০১.২০১০-১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।

৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

৪। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
(নিয়োগপ্রাপ্ত প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ২৮তম বি.সি.এস. পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার মূল প্রতিবেদন ও মূল প্রাক চরিত্র যাচাই প্রতিবেদন এ সাথে প্রেরণ করা হলো । নিয়োগপ্রাপ্ত প্রার্থী যাতে ১৯ মাঘ, ১৪১৭ বঙ্গাব্দ/ **০১ ফেব্রুয়ারী, ২০১১ খ্রিস্টাব্দ** তারিখ পূর্বাহ্নে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করিতে পারেন, সে লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারী করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো) ।

৫। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

৬। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা ।

৭। অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

৮। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
(সূত্রঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২৯/০৬/২০১০ তারিখের নং ৮০.২০০.০৬৪.০০.০০.০০১.২০১০/৩৯ পত্র এবং স্বাস্থ্য (গোপনীয়) নং ৮০.২০০.০৬৫.০০.০০.০০২.২০১০/৫৬, ২৭/০৯/২০১০ তারিখের পত্র )।

৯। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। যুগ্ম-সচিব (সকল), সংস্থাপন মন্ত্রণালয়।

১১। উপ-সচিব (মাঠ প্রশাসন)/ (বৈ.নি./ন.নি.)/ (সি.পি.টি.)/ (সি.আর.)/ (পি.এ.সি.সি.), সংস্থাপন মন্ত্রণালয়।

১২। সিনিয়র সিস্টেমস্ এনালিষ্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয়।

১৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
তাঁহকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০ (বিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

১৪। উপ-সচিব (পুলিশ-১), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৫. সিনিয়র সহকারী সচিব (অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২), সংস্থাপন মন্ত্রণালয়।

১৬। জনাব ------------------------------------------------------------ ।

১৭। অফিস কপি।

ই. চৌধুরী ২৩/০১/২০১১
(ইসরাত চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭২৩৪৩